6 JAN 17
পৃঃ ২০ ৭

যুগান্তর

# ভুরুঙ্গামারীতে শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

**ভুরুঙ্গামারী (কুড়িগ্রাম) প্রতিনিধি**

ভুরুঙ্গামারীর প্রাথমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ এনে উপজেলার দেড় শতাধিক শিক্ষক প্রতিবাদ সভা ও বিভিন্ন দফতরে লিখিত অভিযোগ করেছেন। শিক্ষা কর্মকর্তা মোহসীন আলীর বিরুদ্ধে ফুঁসে উঠেছে প্রাথমিক শিক্ষক সমাজ।

মঙ্গলবার সন্ধ্যা ৬টায় উপজেলা শিক্ষা কমিটির সভাপতি উপজেলা চেয়ারম্যান নূরুন্নবী চৌধুরীর সভাকক্ষে দেড় শতাধিক শিক্ষক তার বিরুদ্ধে ১১টি অভিযোগ এনে একটি আবেদন এবং শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ তাকে দ্রুত অপসারণ দাবি করেন। অপরদিকে গত ২৯ ডিসেম্বর পিইসির ফল প্রকাশের সময় উপজেলা নির্বাহী কর্মকতা আজাহারুল ইসলামের বক্তব্যে প্রাথমিক শিক্ষকদের 'মোবাইল কোর্টের মাধ্যমে চাকরির বারোটা বাজানোর হুমকি প্রদান' এবং ৯৮ ভাগ শিক্ষক অযোগ্য বলায় সাধারণ শিক্ষকদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। অভিযোগে প্রকাশ, নতুন শিক্ষকদের যোগদান উপলক্ষে জনপ্রতি ২ হাজার টাকা হারে প্রায় ৮৩ হাজার টাকা, ২০১৭ সালে ডিপিএড প্রশিক্ষণের শিক্ষকদের ১১ জনের কাছ থেকে প্রায় ৭০ হাজার টাকা হাতিয়ে নেয়। স্লিপ কার্যক্রমের বিভিন্ন খাত দেখিয়ে প্রায় ৩০ হাজার টাকা, স্লিপ স্টকহোল্ডার প্রশিক্ষণের অডিট ফি'র নামে জনপ্রতি ৪০ টাকা হারে প্রায় ৩২ হাজার টাকা, প্রাক-প্রাথমিক রুটিন মেইনটেনেন্স ও ক্ষুদ্র মেরামতের জন্য বিদ্যালয় প্রতি ১০ থেকে ১৫ হাজার টাকা নিয়েছেন শিক্ষা কর্মকর্তা মোহসীন আলী।